

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**  
**বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন**  
টিসিবি ভবন (৪র্থ তলা), ১, কারওয়ান বাজার, ঢাকা-১২১৫।  
[www.berc.org.bd](http://www.berc.org.bd)

নং-২৮.০১.০০০০.০১৭.১১.২৮৫.১৯ . ৬৬ ০০

তারিখ: ২১ সেপ্টেম্বর ২০১৯

**নিয়োগ বিজ্ঞপ্তি**

বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশনে নিম্নবর্ণিত পদসমূহে সরাসরি নিয়োগের জন্য পদের পার্শ্বে বর্ণিত শর্তে প্রকৃত বাংলাদেশি নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

ক্রমিক	পদের নাম ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী)	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	মন্তব্য
১	২	৩	৪	৫
০১	সহকারী পরিচালক (প্রশাসন/অর্থ/হিসাব/আইন/ বিধি/ট্যারিফ/কনজুমার অ্যাফেয়ার্স/প্রটোকল) টা: =২২,০০০ - ৫৩,০৬০/-	০৩ (তিন)	(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে আইন, অর্থনীতি, হিসাব-বিজ্ঞান, ব্যবসা-প্রশাসন, ব্যবস্থাপনা, ফিন্যান্স এন্ড ব্যাংকিং, মার্কেটিং, পরিসংখ্যান অথবা লোক প্রশাসন বিষয়ে দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী: (খ) পাবলিক পরীক্ষায় কমপক্ষে ২ (দুই) টি প্রথম শ্রেণি বা বিভাগ; তবে কোন তৃতীয় শ্রেণী বা বিভাগ গ্রহণযোগ্য হবে না।	-
০২	সহকারী পরিচালক (বিদ্যুৎ/গ্যাস/পেট্রোলিয়াম) টা: =২২,০০০ - ৫৩,০৬০/-	০১ (এক)	(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে মাইনিং, বিদ্যুৎ, যন্ত্র প্রকৌশল, কেমিক্যাল, প্রাকৃতিক গ্যাস বা পেট্রোলিয়াম সংক্রান্ত বিষয়ে দ্বিতীয় শ্রেণীর স্নাতক (প্রকৌশল) ডিগ্রী: (খ) পাবলিক পরীক্ষায় কমপক্ষে ২ (দুই) টি প্রথম শ্রেণি বা বিভাগ; তবে কোন তৃতীয় শ্রেণী বা বিভাগ গ্রহণযোগ্য হবে না।	-
০৩	ব্যক্তিগত সহকারী টা: =১০,২০০ - ২৪,৬৮০/-	০১ (এক)	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রী	-

**শর্তাবলী :**

- অগ্রহী প্রার্থীর নাম, পিতার নাম/স্বামীর নাম, মাতার নাম, বর্তমান ও স্থায়ী ঠিকানা, জন্ম তারিখ, বয়স (৩১ অক্টোবর, ২০১৯ তারিখে), জাতীয়তা, নিজ জেলা, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার বিবরণসহ কমিশনের ওয়েবসাইট ([www.berc.org.bd](http://www.berc.org.bd)) হতে সংশ্লিষ্ট আবেদন ফরমের নমুনা মোতাবেক স্বাক্ষরযুক্ত আবেদনপত্র ও প্রামাণিক দলিল এবং সনদপত্রসমূহ ডাকযোগে সচিব, বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন, টিসিবি ভবন (৪র্থ তলা), ১ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫ বরাবর আগামী ৩১ অক্টোবর ২০১৯ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে পাঠাতে হবে। সরাসরি কোন আবেদনপত্র গৃহিত হবে না। নির্ধারিত তারিখ ও সময়ের পর প্রেরিত আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- আবেদনের সাথে সংযুক্ত করতে হবে :
  - প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সকল শিক্ষাগত যোগ্যতার মূল/সাময়িক সনদের অনুলিপি (প্রশংসাপত্র/মার্কশীট গ্রহণযোগ্য নয়)।
  - প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা ০৩ (তিন) কপি রঙিন পাসপোর্ট সাইজের ছবি (এক কপি ছবি আঠা দিয়ে দরখাস্তের ডান পাশে লাগিয়ে দিতে হবে)।
  - ১ (এক) কপি চারিত্রিক সনদপত্র (১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত)।
  - নাগরিকত্ব সনদপত্র (স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত)।
  - অভিজ্ঞতার সনদপত্র (প্রয়োজ্য ক্ষেত্রে)।
  - আবেদনের সঙ্গে 'বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন' এর অনুকূলে ১ ও ২ নং ক্রমিকের জন্য ৫০০/- (পাঁচশত) টাকা এবং ৩ নং ক্রমিকের জন্য ৩০০/- (তিনশত) টাকা সোনালী ব্যাংক লি., কারওয়ান বাজার শাখা, ঢাকায় রক্ষিত বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশনের চলতি হিসাব নম্বরে (হিসাব নম্বর: ০১১৭২০২০০০৯২৮) জমা করে জমা ট্রিপ আবেদনের সাথে সংযুক্ত করতে হবে। উল্লেখ্য যে, সোনালী ব্যাংক লি.: এর যেকোনো অনলাইন শাখা থেকে উল্লিখিত চলতি হিসাব নম্বরে টাকা জমা প্রদান করা যাবে।
- আবেদনকারীর বয়স ৩১ অক্টোবর ২০১৯ তারিখ সর্বোচ্চ ৩০ বছর হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সের উর্ধ্বসীমা ৩২ বছর। বয়স গ্রহণের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।
- আবেদনপত্রের খামের উপরে ডানপাশে পদের নাম অবশ্যই উল্লেখ করতে হবে।
- সরকার কর্তৃক নির্ধারিত কোটা পদ্ধতি যথাযথভাবে অনুসরণ করা হবে।
- সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকুরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত করতে হবে। অগ্রিম কপি গ্রহণযোগ্য নয়।
- ফ্রটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকেই বাতিল বলে গণ্য হবে।
- প্রার্থীকে সাক্ষাৎকারের সময় সকল সনদপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে।
- নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধিবিধান এবং পরিবর্তিত ক্ষেত্রে প্রযোজ্য বিধিবিধান অনুসরণ করা হবে।
- লিখিত পরীক্ষা/সাক্ষাৎকারের জন্য কোন রকম ভ্রমণ বা দৈনিক ভাতা (টিএ/ডিএ) প্রদান করা হবে না।
- কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।
- নিয়োগ সংক্রান্ত বিষয়ে কমিশনের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

মোঃ রফিকুল ইসলাম  
সচিব